

## ইংলিশ মিডিয়াম স্কুলে ভ্যাট প্রত্যাহারের আইনি নোটিশ

নিম্নস্থ বার্তা পরিবেশক

ইংলিশ মিডিয়াম স্কুলের শিক্ষার্থীদের টিউশন ফি'র ওপর আরোপিত ভ্যাট প্রত্যাহারের ইসরকারকে আইনি নোটিশ পাঠিয়েছেন সুপ্রিম কোর্টের একজন আইনজীবী। আগামী ২৪ ঘণ্টার মধ্যে এ বিষয়ে পদক্ষেপ না নেয়া হলে উচ্চ আদালতে আশ্রয় নেবার কথা বলেছেন এ আইনজীবী। গতকাল আইনজীবী একলাছ উদ্দিন ভূইয়া রেজিস্ট্রি ডাকঘোষে সরকারের মন্ত্রী পরিষদের সচিব, অর্থমন্ত্রী, শিক্ষামন্ত্রী, শিক্ষা সচিব ও এনবিআর'র চেয়ারম্যান বরাবর এ নোটিশ পাঠান। তিনি নোটিশে উল্লেখ করেন, 'কোন সেবামূলক প্রতিষ্ঠানের উপর ভ্যাট আরোপ করা সুবিধার পরিপন্থী। সম্প্রতি বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীদের ওপর গত ৪ জুন, ২০১৫ তারিখে আরোপিত ৭.৫% ভ্যাট আরোপ করায় শিক্ষার্থীদের দাবির পরিশ্রান্তে এনবিআর ম্যাসযোগজন কর আইন-১৯৯১-এর ১৪ ধারার ২ উপধারার ক্ষমতাবলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের আরোপিত ভ্যাট হতে অব্যাহতি দেয়া হয়েছে। অথচ বর্তমানে দেশের প্রায় ১৬৫টি ইংরেজি মাধ্যমের বিদ্যালয়ে সাড়ে ৬৪ হাজার ছাত্রছাত্রী পড়াশোনা করছে। এসব বিদ্যালয়ে শুধু বিত্তশালীদের সন্তানরাই পড়াশোনা করে না।